

# যেভাবে এইচএসসি ও সমমানের রেজাল্ট জানবেন

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৯:১৮, ১১ অক্টোবর ২০২৪



মঙ্গলবার ফল প্রকাশ

আগামী মঙ্গলবার (১৫ অক্টোবর) প্রকাশ হবে ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকে (এইচএসসি) ও সমমানের পরীক্ষা ফল। এ দিন বেলা ১১টায় এইচএসসি পরীক্ষার ফল স্ব প্রতিষ্ঠান থেকে এবং অনলাইনে একযোগে প্রকাশিত হবে।

UNIBOTS

এবারই প্রথম কেন্দ্রীয়ভাবে না করে স্ব স্ব বোর্ড থেকে এইচএসসি ও সমমানের ফল প্রকাশ করার উদ্যোগ নিয়েছে ২ শিক্ষা বোর্ডগুলো। অন্যান্য বছরের মতো এবারও শিক্ষার্থীদে পরীক্ষার ফল অনলাইন, এসএমএস এবং শিক্ষা প্রতিষ্ঠান থেকে জানা যাবে।

এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মো. আবুল বাশা জানান, শিক্ষার্থীদের ফল জানতে স্কুলে যাওয়ার প্রয়োজন নেই। স্ব স্ব শিক্ষা বোর্ড ফল অনলাইনে প্রকাশ করবে। এছাড়া, এসএমএস করেও ফল জানতে পারবে।

### **যেভাবে জানবেন ফল:**

এবার কোনো কেন্দ্রীয় অনুষ্ঠান হবে না। নিজ নিজ বোর্ড অফিস থেকে ফল প্রকাশ করা হবে শিক্ষার্থীরা প্রতি বছরের মতো এবারও এসএমএস, ওয়েবসাইট ও নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানে গিয়ে ফল জানতে পারবে।

### **অনলাইনে যেভাবে জানবেন:**

স্ব স্ব প্রতিষ্ঠানের ফল বোর্ডের ওয়েবসাইট থেকে Result sheet download করা যাবে। ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট [www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd), [www.educationboardresults.gov.bd](http://www.educationboardresults.gov.bd) , [www.eduboardresults.gov.bd](http://www.eduboardresults.gov.bd)-এ Result কর্নারে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এন্ট্রি কয়েকটি প্রতিষ্ঠানভিত্তিক Result sheet download করা যাবে এবং রোল ও রেজিস্ট্রেশন নম্বরের মাধ্যমে Result sheet download করতে পারবে।

### **এসএমএস করে জানার উপায়:**

SMS-এর মাধ্যমে নিম্নোক্ত উপায়ে ফল সংগ্রহ করা যাবে: HSC Board name (first 3 letters) Ro Year টাইপ করে 16222 নম্বরে পাঠাতে হবে।

**উদাহরণ:** HSC Dha 123456 2024 লিখে 16222-তে পাঠাতে হবে।